দৈনিক জনকণ্ঠ

21

তারিখ ... 02 AUG 1995
পৃষ্ঠা ৮ কলাম ৬

# শিক্ষা মন্ত্রণালয় নয়া সার্কুলার ইস্যু করায়—

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥ উচ্চ মাধ্যমিক পরীক্ষায় এক কলেজ কেন্দ্রের সকল শিক্ষককে অন্য কলেজ কেন্দ্রে প্রেরণের একটি সিদ্ধান্ত বাস্তবায়ন করতে ব্যর্থ হওয়ার পর শিক্ষা মন্ত্রণালয় ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠানে দীর্ঘদিনের চলমান পদ্ধতি বাতিল করে নয়া এক সার্কুলার ইস্যু করেছে। এই সার্কুলার ও ছাত্র শিক্ষক মহলে তুঘলকি সিদ্ধান্ত বলে বিবেচিত হচ্ছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, শিক্ষা মন্ত্রণালয়ের ঐ সার্কুলারে বলা হয়েছে, ব্যবহারিক পরীক্ষায় অভ্যন্তরীণ ও বহিরাগত পরীক্ষক উভয়ই বহিরাগত হতে হবে এবং তাদের নিয়োগ দেবেন পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা। আগের নিয়মানুসারে অভ্যন্তরীণ ও বহিরাগত পরীক্ষক উভয়ই শিক্ষা বোর্ড কর্তৃক নিয়োগপ্রাপ্ত হবেন।

সূত্র জানায়, এক কলেজের শিক্ষক অন্য কলেজে বহিরাগত হয়ে কিভাবে অভ্যন্তরীণ পরীক্ষক হিসাবে নিয়োজিত হবেন তা কারও বোধগম্য নয়। কারণ বহিরাগত পরীক্ষক দিয়ে ব্যবহারিক পরীক্ষা পরিচালনার ক্ষেত্রে যেসব জটিলতা দেখা দেবে তা সিদ্ধান্ত নেয়ার আগেই খতিয়ে দেখা উচিত ছিল।